

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৫২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. তৃতীয় অনুচ্ছেদ - 'আমলে ভারসাম্য বজায় রাখা

### আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِ قَالَ: حُدِّثْتُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «صَلَاةُ الرَّجُلِ قَاعِدًا نِصنْفُ الصَّلَاةِ» قَالَ: فَأَتَيْتُهُ فَوَجَدْتُهُ يُصلِّي جَالِسًا فَوَضَعْتُ يَدِي عَلَى الرَّجُلِ قَاعِدًا نِصنْفُ الصَّلَاةِ» قَالَ: هَأَتَيْتُهُ فَوَجَدْتُهُ يُصلِّي جَالِسًا فَوَضَعْتُ يَدِي عَلَى رَأْسه فَقَالَ: «مَالك يَا عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو؟» قُلْتُ: حُدِّثْتُ يَا رَسُولَ اللَّهِ أَنَّكَ قُلْتَ: «صَلَلاةُ الرَّجُلِ قَاعِدًا قَالَ: «أَجَلْ وَلَكِنِّي لَسْتُ كَأَحَدٍ مِنْكُمْ» . رَوَاهُ مُسلم

#### বাংলা

১২৫২-[১২] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার নিকট বর্ণনা করা হয়েছে যে, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ বসে (নফল) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলে, দাঁড়িয়ে সালাত আদায়ের অর্ধেক সাওয়াব পাওয়া যায়। তিনি ['আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ)] বলেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে হাযির হলাম। সে সময় রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসে বসে সালাত আদায় করছিলেন। (সালাত শেষ হবার পর) আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাথায় হাত রাখলাম। তিনি বললেন, 'আবদুল্লাহ ইবনু 'আমর! কি হয়েছে? আমি বললাম, হে আল্লাহর রসূল! আমাকে তো বলা হয়েছে যে, আপনি ইরশাদ করেছেনঃ বসে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীর সালাতে অর্ধেক সাওয়াব হয়। অথচ আপনি বসে বসে সালাত আদায় করছেন। জবাবে তিনি বললেন, হ্যাঁ তা-ই। কিন্তু আমি তো তোমাদের মতো নই। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৭৩৫।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: এ হাদীসের বিষয়বস্তু নিয়ে ইতিপূর্বে আলোচনা হয়ে গেছে। বসে সালাত আদায়কারী দাঁড়িয়ে সালাত আদায়কারীর অর্ধেক সাওয়াব পাবে। এ সালাত বলতে নফল সালাত (সালাত/নামায/নামাজ) উদ্দেশ্য, কারণ দাঁড়াতে সামর্থ্যবান ব্যক্তির জন্য বসে ফর্য সালাত আদায় সহীহ হবে না, বরং এতে সে গুনাহগার হবে। পক্ষান্তরে দাঁড়াতে অক্ষম ব্যক্তি বসে ফর্য সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলে এর সাওয়াবে কোন কমতি হবে না এটাই জমহূরের মত। রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলা হলো, বসে সালাত আদায়কারীর সাওয়াব অর্ধেক অথচ আপনি তো বসে সালাত আদায় করছেন? নাবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'হ্যাঁ, কিন্তু আমি তোমাদের কারো মতো নই' এর ব্যাখ্যায় ব্যাখ্যাকারীগণ বিভিন্ন উক্তি করেছেন। কেউ বলেছেন, এর অর্থ হলো এ ভ্কুম অন্য উম্মাতের জন্য, আমাদের জন্য বসে সালাত পূর্ণ সাওয়াবই মিলবে। অথবা এর অর্থ হলো এটা আমার ব্যক্তিগত বৈশিষ্ট্য যা সবার জন্য প্রযোজ্য নয়। ইমাম নবাবীও এ কথাই বলেছেন। অথবা আমার পূর্ণ তাওয়াজ্বুহ ও তাকারক্রবের কারণে সাওয়াব পূর্ণই মিলবে, যা অর্জন অন্যের পক্ষ সম্ভব নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন